**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল 988 আত্মহত্যা এবং সঙ্কট লাইফলাইনের সফল বাস্তবায়ন ঘোষণা করলেন

## *স্টেট 62 কাউন্টির প্রতিটিতে সম্পূর্ণভাবে 988 শুরু করার আওতাভুক্ত করেছে*

গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করেছেন যে জাতীয় আত্মহত্যা প্রতিরোধ লাইফলাইনের (National Suicide Prevention Lifeline, NSPL) সাথে যুক্ত হওয়ার জন্য ফোন কল বা টেক্সট বার্তা পাঠাতে নতুন তিন অঙ্কের হিসেবে নিউ ইয়র্কে 988 সফলভাবে বাস্তবায়িত হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের 62 কাউন্টির প্রতিটি নতুন শুরু হওয়া 988 লাইফলাইনের আওতাভুক্ত হবে, যা নিশ্চিত করবে যে একটি নিউ ইয়র্ক এরিয়া কোডসহ 988 এ যোগাযোগ করা সকলেই যাতে নিউ ইয়র্কের 988 সঙ্কট কেন্দ্রের সাথে সংযুক্ত হতে পারে।

"একটি মানসিক স্বাস্থ্য সঙ্কটে ভুগতে থাকা বা আত্মহত্যার চিন্তা করতে থাকা ব্যক্তিদের প্রশিক্ষিত কাউন্সেলরের সাথে সংযুক্ত করে দিলে তা তাদের অনতিক্রম্য মনে হতে থাকা সমস্যা পার করতে উল্লেখযোগ্য সাহায্য করতে পারবে, এবং জাতীয় আত্মহত্যা প্রতিরোধ লাইফলাইন যাদের সবথেকে বেশি প্রয়োজন তাদের আশা ও সমর্থন প্রদান করে," **গভর্নর হোকল বলেন।** "988 বাস্তবায়ন করার মাধ্যমে, আমরা এই ব্যক্তিদের, এবং সাথে তাদের পরিবার ও বন্ধুদেরকেও একটি সহজে মনে রাখার মতো নম্বর প্রদান করছি যা তাদেরকে তাদের প্রয়োজনীয় সেবা পাওয়ার সুযোগ দিবে।"

"আমাদের মধ্যে যারা মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছে তাদের যখন প্রয়োজন তখন তাদের সাহায্য করা নিউ ইয়র্কবাসী হিসেবে আমাদের উপর আরোপিত দায়িত্ব," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "সঙ্কট শুধু কর্মঘণ্টায় হয় না, তাই এই লাইফলাইন বাস্তবায়ন করা যা দিন বা রাতের যেকোনও সময় উপলভ্য থাকবে, জীবন বাঁচাতে সাহায্য করবে।"

2023 অর্থবছরের প্রণীত বাজেটে (Enacted Budget) অন্তর্ভুক্ত 35 মিলিয়ন মার্কিন ডলার উল্লেখযোগ্যভাবে পুরো নিউ ইয়র্ক স্টেটের সঙ্কট কল সেন্টারের ধারণক্ষমতা বৃদ্ধি করবে। তহবিলটি 2024 অর্থবছর থেকে বৃদ্ধি পেয়ে বার্ষিক 60 মিলিয়ন মার্কিন ডলার হবে। এছাড়াও মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health, OMH) ফেডারেল সম্পূরক কমিউনিটি মানসিক স্বাস্থ্য সেবা ব্লক অনুদান (Community Mental Health Services Block Grant) সংস্থান হিসেবে 988 সঙ্কট কল সেন্টারগুলিকে 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে, যা তাদের

স্টেটব্যাপী ধারণক্ষমতা ও অবকাঠামো সম্প্রসারণ করতে দিবে। এছাড়াও নিউ ইয়র্ক স্টেট মাদক অপব্যবহার এবং মানসিক স্বাস্থ্য সেবা প্রশাসন (Substance Abuse and Mental Health Services Administration, SAMHSA) থেকে নতুন 988 লাইফলাইন শুরু করার কাজে সহায়তা করার জন্য 7.2 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে।

988-এ ফোন করলে মানসিক স্বাস্থ্য বা মাদক অপব্যবহার সংক্রান্ত দুর্দশায় ভুগতে থাকা যে কেউ সহানুভূতিশীল, উপলভ্য সেবা ও সমর্থনের সাথে একটি সরাসরি সংযোগ পাবে। লাইফলাইনের ওয়েবসাইটের (988lifeline.org) মাধ্যমে একটি চ্যাট ফিচারও উপলভ্য থাকবে।

988 আত্মহত্যা ও সঙ্কট লাইফলাইন যা করতে পারবে:

- মানসিক স্বাস্থ্য বা মাদক অপব্যবহার সঙ্কটে ভুগতে থাকা মানুষকে একজন প্রশিক্ষিত কাউন্সেলরের সাথে সংযুক্ত করা যে তাদের তাৎক্ষণিক চাহিদা পূরণ করতে পারবে এবং তাদের চলমান সেবার সাথে যুক্ত করতে সাহায্য করবে।
- আরো ব্যয়-সাশ্রয়ী দ্রুত ইন্টারভেনশনের মাধ্যমে স্বাস্থ্যসেবা খাতে ব্যয় হ্রাস করা।
- আইন শৃঙ্খলারক্ষাকারী, পাবলিক হেলথ এবং অন্যান্য নিরাপত্তা সংস্থানের ব্যবহার হ্রাস।
- সঙ্কট ইন্টারভেনশনের বর্ধিত চাহিদা পূরণ করা।
- মানসিক স্বাস্থ্যসেবা সন্ধানীদের বা গ্রহণকারীদের প্রতি বিরূপ মনোভাব দূর করতে সাহায্য করা।

এছাড়া নতুন 988 লাইফলাইনটি গভর্নর হোকলের আরেকটি লক্ষ্য অর্জনে সাহায্য করবে, যা হলো স্বাস্থ্যসেবার ক্ষেত্রে প্রতিবন্ধকতা অপসারণ করা এবং ঐতিহাসিকভাবে প্রান্তিক, সুবিধাবঞ্চিত এবং অবহেলিত জনগোষ্ঠীদের জন্য চিকিৎসার সুযোগ, মান ও ফলাফলের অসামঞ্জস্য হ্রাস করা। এর মধ্যে রয়েছে অশ্বেতাঙ্গ মানুষ, লেসবিয়ান, গে, বাইসেকসুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ের+ (Lesbian, Gay, Bisexual and Transgender, Queer, LGBTQ) সম্প্রদায়ের সদস্য, বয়স্ক মানুষ, গ্রামীণ নিউ ইয়র্কবাসী, ভেটেরান, অভিবাসী, অক্ষমতাসহ মানুষ এবং সীমিত ইংরেজি দক্ষতাসহ মানুষ।

বর্তমানে নিউ ইয়র্ক স্টেটে 13টি সক্রিয় 988 সঙ্কট যোগাযোগ কেন্দ্র রয়েছে এবং দুইটি নির্মাণ পর্যায়ে রয়েছে।

**নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন,** "988 লাইফলাইনটি আচরণগত স্বাস্থ্য সঙ্কটে ভুগতে থাকা ব্যক্তিদের প্রশিক্ষিত কাউন্সেলরের সাথে, যারা তাদের তাৎক্ষনিক সহায়তা এবং সেবার সুযোগ প্রদান করতে পারবে, যুক্ত করে দিয়ে নিউ ইয়র্কের সঙ্কট সাড়াদান ব্যবস্থাকে আরো জোরদার করবে। এছাড়াও মানুষ যদি দুশ্চিন্তায় থাকে যে তাদের প্রিয় কোনও মানুষের সঙ্কট সমর্থন প্রয়োজন হতে পারে তাহলে তারা 988-এ ফোন করতে পারবে। গভর্নর হোকল 988-র বাস্তবায়নকে একটি শীর্ষ অগ্রাধিকার করেছেন, এবং সফলভাবে 988 আত্মহত্যা ও সঙ্কট লাইফলাইন (Suicide and Crisis Lifeline) শুরু করার প্রয়োজনীয় সংস্থান প্রদান করেছেন।"

**নিউ ইয়র্ক স্টেটের আসক্তি সেবা ও সমর্থন অফিসের (Office of Addiction Services and Supports, OASAS) কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন,** "988 লাইফলাইনের বিকাশ এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে মাদক ব্যবহার ব্যাধি বা মানসিক স্বাস্থ্য সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে ভুগতে থাকা ব্যক্তিদের কাছে যাতে অতি গুরুত্বপূর্ণ সঙ্কট সেবা উপলভ্য থাকে। উদ্যোগটি OASAS এবং OMH-র মধ্যকার একটি গুরুত্বপূর্ণ সহযোগিতামূলক কাজ যা আচরণগত স্বাস্থ্য সেবাকে আরো সমন্বিত করতে সাহায্য করবে এবং 'ভুল-বিকল্প-নেই (no-wrong door)' এমন সার্বিক পন্থা নিশ্চিত করবে। কমিশনার হওয়ার পর থেকে, আমি সেবার ন্যায্য উপলভ্যতা নিশ্চিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, সেজন্য আমি আমি বিশেষভাবে খুশি যে লাইফলাইনটি সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী ও সম্প্রদায়ে সাহায্য পৌঁছে দিবে।"

**নিউ ইয়র্ক স্টেটের বিকাশগত অক্ষমতাসহ মানুষের অফিসের (Office for People With Developmental Disabilities) কমিশনার কেরি নেইফেল্ড বলেন,** "বিকাশগত অক্ষমতাসহ মানুষসহ সঙ্কটে থাকা ব্যক্তিদের জন্য, কাউকে ফোন করতে পারা যে তাদের সমস্যার কথা শুনবে এবং সমর্থন প্রদান করবে, তাদের জীবনে একটি গুরুত্বপূর্ণ প্রভাব এবং পরিবর্তন আনতে পারে। 988 আত্মহত্যা এবং সঙ্কট লাইফলাইনটি এই সম্প্রদায়ে অনেক বেশি হওয়া আইন শৃঙ্খলা রক্ষাকারীদের অসামঞ্জস্যপূর্ণ জড়িত হওয়া হ্রাস করতে পারবে এবং নিশ্চিত করবে যে তাদের এমন কারো সাথে সংযুক্ত করা হবে যে সঙ্কটের সময় তাদের প্রয়োজন মেটাতে সাহায্য করতে পারবে।"

**সিনেটর চালর্স ই. শুমার বলেন,** "988 হলো মানসিক স্বাস্থ্য সঙ্কটে ভুগতে থাকা আমাদের নিউ ইয়র্কবাসীদের জন্য নতুন 911। আমি গর্বিত যে আমরা এই নতুন জাতীয় লাইফলাইন শুরু করে দেওয়ার জন্য ফেডারেল অর্থায়ন দিতে পেরেছি এবং এটিকে দ্রুত বাস্তবায়নের জন্য গভর্নর ক্যাথি হোকলের প্রশংসা করছি। আপনি যদি কষ্টে থাকেন বা সাহায্যের প্রয়োজনে থাকেন, তাহলে জানুন যে আপনি এক নন: 988 ডায়াল করুন।"

**প্রতিনিধি পল টঙ্কো বলেন,** "একটি জাতীয় মানসিক স্বাস্থ্য সঙ্কটের মধ্যে, যা কোভিড মহামারী আরো খারাপ করেছে, কংগ্রেস সংস্থান প্রদানে এমন জীবন রক্ষাকারী পদক্ষেপ নিয়েছে যা মিলিয়ন মিলিয়ন আমেরিকানকে সমর্থন করবে। আমি আমাদের দ্বিপক্ষীয় নিরাপদতর কমিউনিটিজ অ্যাক্টের (Safer Communities Act) অংশ হিসেবে একটি জাতীয় আত্মহত্যা প্রতিরোধ লাইফলাইন বাস্তবায়ন করতে 150 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার পক্ষে ভোট দিতে পেরে গর্বিত। এই পদক্ষেপটি আমাদের স্টেটকে এই সঙ্কট মোকাবেলার সরঞ্জাম প্রদান করবে। আমি এই লাইফলাইনের দ্রুত বাস্তবায়নের জন্য কৃতজ্ঞ যা কিনা এমন তাগিদ নিয়ে মানসিক স্বাস্থ্য সঙ্কটের মোকাবেলা শুরু করেছে আমাদের সম্প্রদায়ের প্রয়োজন ও প্রাপ্য।"

**প্রতিনিধি ইভেট ডি. ক্লার্ক বলেন,** "যখন প্রতিটি প্রজন্ম এবং স্বতন্ত্র ব্যাকগ্রাউন্ডের নিউ ইয়র্কবাসীরা মানসিক স্বাস্থ্য সমস্যার অবিশ্বাস্য ভার বহন করছে, তখন তাদের নির্বাচিত কর্মকর্তা হিসেবে তাদের নিরাময়ের জন্য প্রয়োজনীয় সমাধান খুঁজে আমাদেরই দায়িত্ব। গভর্নর হোকলের অ্যাডভোকেসি এবং আমাদের শিশুদের নিরাপদ রাখতে তার অবিচল প্রতিশ্রুতির কল্যাণে, আজকে সেই দায়িত্ব পূরণ হলো। 988 লাইফলাইনটি একটি সাধারণ বুদ্ধির, জীবন রক্ষাকারী

সুযোগ যা যেই মুহূর্তে প্রয়োজন তখনই এই অতি গুরুত্বপূর্ণ সেবা প্রদানে আমাদের স্টেটের সকল প্রতিশ্রুতি রক্ষা করে। আমরা আমাদের জাতীয় মানসিক স্বাস্থ্য সঙ্কটের বিরুদ্ধে নিউ ইয়র্কের লড়াইয়ের একটি নতুন অধ্যায়ে প্রবেশ করতে যাচ্ছি, আমি এই একই উদার মিশন মাথায় রেখে অ্যালবানিতে হওয়া সকল ভবিষ্যৎ প্রচেষ্টা দেখতে উন্মুখ।"

**স্টেটের সিনেটর সামরা ব্রোক বলেন,** "আমাদের সম্প্রদায়ে এবং পুরো নিউ ইয়র্ক স্টেটের পরিবারসমূহ নিরাপদ এবং চিকিৎসাগতভাবে সংহত মানসিক স্বাস্থ্য সঙ্কট ইন্টারভেনশন সেবা পেতে সংগ্রাম করছে, এবং যেমনটি আমরা সকলেই দেখেছি, এর ফলাফল হয় মর্মান্তিক। সিনেটের মানসিক স্বাস্থ্য কমিটির (Senate Mental Health Committee) প্রধান হিসেবে, আমি মানসিক স্বাস্থ্য সেবা রূপান্তরিত করতে কাজ করছি, এবং 988 মানসিক স্বাস্থ্য ও মাদক অপব্যবহার সঙ্কট লাইফলাইনের (Mental Health and Substance Abuse Crisis Lifeline) সফল বাস্তবায়ন একটি দুর্দান্ত অগ্রগামী ধাপ। প্রথমবারের মতো, আপনি সঙ্কটের সময় মনে রাখতে সহজ এমন একটি লাইফলাইন ফোন, টেক্সট বা চ্যাট করতে পারবেন এবং যোগ্য, সহানুভূতিশীল এবং ঝুঁকিতে থাকা গোপন পরিচয় রক্ষাকারী কারো সাথে কথা বলতে পারবে। আমি দেখতে উন্মুখ কীভাবে লাইফলাইনটি নিউ ইয়র্ক স্টেটে মানসিক স্বাস্থ্য সঙ্কটের সাড়াদান নিয়ে আমাদের ধারণা পাল্টে দেয় যাতে করে পরিবারসমূহ প্রয়োজন হলে সাহায্য চাইতে স্বাচ্ছন্দ্য বোধ করে।"

**অ্যাসেম্বলির মানসিক স্বাস্থ্য কমিটির (Assembly Committee on Mental Health) প্রধান, অ্যাসেম্বলি সদস্য আইলিন গান্থার বলেন,** "নিউ ইয়র্কের 988 হটলাইন বাস্তবায়নের জন্য এর থেকে ভালো সময় আর হতে পারতো না। মহামারীর পুরো সময়টিতে আমরা দেখেছি যে পুরো স্টেটের পরিবারসমূহ মানসিক স্বাস্থ্য সম্পর্কিত ব্যাপারে সংগ্রাম করেছে। নতুন নম্বরটি যখন মানুষের প্রয়োজন হবে তখনই তাদেরকে সাহায্য প্রদান করার একটি সুবিন্যস্ত প্রক্রিয়া তৈরি করবে। আমি স্টেটে 988 তৈরি করার বিধিমালা সহস্পন্সর করতে পেরে গর্বিত এবং এটি যাতে নিউ ইয়র্কবাসীদের জন্য একটি বিশ্বস্ত সংস্থান হয় তা নিশ্চিত করতে আমি আমার সহকর্মীদের সাথে কাজ চালিয়ে যেতে উন্মুখ।"

**988-র ইতিহাস**

ফেডারেল যোগাযোগ কমিশন (Federal Communications Commission, FCC) 988-কে জাতীয় আত্মহত্যা প্রতিরোধ লাইফলাইনের নতুন তিন অঙ্কের নম্বর হিসেবে নির্ধারণ করেছে, এবং জাতীয় আত্মহত্যা হটলাইন নির্ধারণ অ্যাক্ট (National Suicide Hotline Designation Act) 2020 সালের অক্টোবর মাসে আইন হিসেবে স্বাক্ষরিত হয়েছে, যেখানে ফোন সেবা প্রদানকারীদের জন্য 16 জুলাই, 2022 তারিখের মধ্যে 988-কে জাতীয় আত্মহত্যা প্রতিরোধ হটলাইন হিসেবে রূপান্তরিত করা আবশ্যক করা হয়েছে।

তখন থেকে নিউ ইয়র্ক স্টেটে 988 বাস্তবায়নের পরিকল্পনা করতে বৈচিত্র্যময় কমিউনিটি স্টেকহোল্ডারদের একটি বড় কোয়ালিশনের সাথে কাজ করে যাচ্ছে। স্টেটব্যাপী কোয়ালিশনের সদস্যরা নিউ ইয়র্কের বৈচিত্র্যময় জনগোষ্ঠীর প্রতিনিধিত্ব করে এবং জীবনের অভিজ্ঞতাসহ ব্যক্তি, অ্যাডভোকেট, আইন শৃঙ্খলা রক্ষাকারী, স্টেট এজেন্সিসমূহের প্রতিনিধি, কাউন্টি, 911 প্রতিনিধি, জরুরি সেবা এবং অন্যান্য। সকলেই 988 বাস্তবায়ন করতে নিজেদের দক্ষতা ও

প্রতিশ্রুতি দিয়ে অবদান রেখেছে, এবং যুগান্তকারী এই কাজে তাদের চলমান সহযোগিতা ও নিবেদন সকল নিউ ইয়র্কবাসীকে লাভবান করবে।

**লাইফলাইনের ব্যাপারে**
জাতীয় আত্মহত্যা প্রতিরোধ লাইফলাইন প্রথম অর্থায়িত হয় ফেডারেল মাদক অপব্যবহার ও মানসিক স্বাস্থ্য সেবা প্রশাসনের দ্বারা এবং 2005 সালে এর সূচনালগ্ন থেকে এটি ভাইব্রেন্ট ইমোশোনাল হেলথ দ্বারা পরিচালিত হচ্ছে। এটি একটি অমূল্য সংস্থান হিসেবে কাজ করছে, প্রতিদিন হাজার হাজার মানুষকে আত্মহত্যা সঙ্কট বা মানসিক স্বাস্থ্য সম্পর্কিত দুর্দশা থেকে বের করে আনছে। 988 এ রূপান্তরের মাধ্যমে, এই জীবনরক্ষাকারী সেবা পাওয়া আরো সহজ হয়ে গেছে।

বহু সংখ্যক গবেষণাতে দেখা গেছে যে লাইফলাইনটি কাজ করে, অধিকাংশ ফোন করা ব্যক্তি একজন লাইফলাইন সঙ্কট কাউন্সেলরের সাথে কথা বলার পর উল্লেখযোগ্য পরিমাণ কম বিষণ্ন, কম আত্মহত্যাপ্রবণ, কম আবেগতাড়িত, এবং আরো বেশি আশাবাদী হওয়ার সম্ভাবনাই বেশি।

**নিউ ইয়র্ক/জাতীয় 988 ফোন কলের পরিমাণের পরিসংখ্যান**
2005 থেকে 2020 সালের মধ্যে, জাতীয় আত্মহত্যা প্রতিরোধ লাইফলাইন মোট 20,478,698 টি ফোন কল পেয়েছে।

2019 সালে NSPL নিউ ইয়র্ক থেকে 137,481টি ফোন কল পেয়েছে, যা 2016 সালের তুলনায় 73 শতাংশ বেশি। 2020 সালে, NYS 142,827টি ফোন কল পেয়েছে, যা মাত্র এক বছরে 13 শতাংশ বৃদ্ধি পেয়েছে। নিউ ইয়র্কের বলিষ্ঠ বিনিয়োগ এবং উন্নত পরিকল্পনা নিশ্চিত করবে যে নিউ ইয়র্ক থেকে করা ফোন কল যাতে একজন স্থানীয় 988 সঙ্কট যোগাযোগ কেন্দ্র থেকে উত্তর দেওয়া হয় এবং আমরা আগামী পাঁচ বছরে প্রত্যাশিত উল্লেখযোগ্য পরিমাণ ফোন কল বৃদ্ধির জন্য প্রস্তুত আছি।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418